

বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে
১৪৭ কোটি টাকার
বাজেট অনুমোদন

বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমইউ)র ২০১২-১৩ অর্থবছরের জন্য ১৪৭ কোটি ৮৩ লাখ ৭৪ হাজার টাকার বাজেট অনুমোদন দেয়া হয়েছে। গত ২৮ জুন বিশ্ববিদ্যালয়ে বি. প্র.কে মিলন হলে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ অনুমোদন দেয়া হয়। এর মধ্যে হাসপাতালের জন্য ১০১ কোটি টাকা এবং বিশ্ববিদ্যালয়ের অন্য ৪৬ কোটি ৮৩ লাখ ৭৪ হাজার টাকার বাজেট অনুমোদন দেয়া হয়েছে।

অনুমোদনকৃত বাজেটে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও জাতাদি বাবদ ৯৬ কোটি ৮৭ লাখ ৬৪ হাজার টাকা, পেনশন মঞ্জুরি বাবদ ৪ কোটি ৯৭ লাখ ৬০ হাজার টাকা, সাধারণ আনুষঙ্গিক ৩১ কোটি ৩৩ লাখ ৫০ হাজার টাকা এবং শিফা আনুষঙ্গিক ও মূলধন মঞ্জুরি বাবদ ১৪ কোটি ৬৫ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে। উল্লেখ্য, গত বছর বাজেটের পরিমাণ ছিল ১৩২ কোটি ৯ লাখ ৪৯ হাজার টাকা। - প্রেস বিজ্ঞপ্তি